# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin
**Date 26-05-2025 Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, অপারেশন সিন্দুর বিশ্বজুড়ে সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই-এ নতুন আস্থা এবং উৎসাহ জুগিয়েছে।

২) চাকরীহারা শিক্ষকদের সঙ্গে রাজ্য সরকার আলোচনায় বসতে প্রস্তুত বলে শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন।

কালীঘাটে মুখ্যমন্ত্রীর বাসভবনের দপ্তরে ডেপুটেশন জমা দিয়েছেন চাকরী হারানো শিক্ষিকারা।

৩) ভূটান পাহাড় থেকে নেমে আসা একাধিক নদীর প্লাবনের সমস্যা নিরসনে রাজ্য সরকার যৌথ নদী কমিশন গঠনের দাবি জানিয়েছে।

৪) নদীয়ার কালিগঞ্জ বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে আগামী ১৯ শে জুন ভোট গ্রহণ। মনোনয়ন জমা দেওয়ার কাজ শুরু হচ্ছে আজ।

৫) রাজ্যের বিভিন্ন পাইকারি ও খুচরো ব্যবসায়ীদের কাছে জাল ওষুধ বিক্রির অভিযোগের প্রেক্ষিতে প্রশাসনকে নজরদারি বাড়ানোর নির্দেশ দিয়েছে স্বাস্থ্য দপ্তর।

৬) বিদ্রোহী কবি কাজি নজরুল ইসলামের জন্ম জয়ন্তী আজ যথাযথ মর্যাদার সঙ্গে রাজ্যে পালিত হচ্ছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, অপারেশন সিন্দুর বিশ্বজুড়ে সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই-এ নতুন আস্থা এবং উৎসাহ জুগিয়েছে। গতকাল আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে শ্রী মোদী অপারেশন সিন্দুরের সময় সেনা বাহিনী যে সাহসিকতা দেখিয়েছে, তার ভূয়সী প্রশংসা করেন। সীমান্ত পেরিয়ে জঙ্গিদের ঘাঁটি যেভাবে ধ্বংস করা হয়েছে, তার প্রশংসা করে তিনি বলেন, সন্ত্রাসবাদের বিরুদ্ধে গোটা দেশ ঐক্যবদ্ধ এবং সন্ত্রাসবাদ নির্মূল করতে দেশ দৃঢ়প্রত্যয়ী। শ্রী মোদী জোর দিয়ে বলেন, অপারেশন সিন্দুর, শুধুমাত্র একটি সামরিক অভিযান-ই নয়, দেশের সংকল্প ও সাহসের পরিচয়।

(বাইট – অপারেশন সিন্দুর)

---

অপারেশন সিন্দুরের সাফল্য উদযাপন এবং দেশের বীর সেনানীদের সম্মান জানাতে বিজেপির তরফে গতকাল উত্তর ২৪ পরগণার ভাটপাড়ায় তিরঙ্গা যাত্রার আয়োজন করা হয়। অংশ নেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, বিজেপি নেতা অর্জুন সিং, কৌস্তভ বাগচী, শীলভদ্র দত্ত , তাপস রায় প্রমুখ। জগদ্দল অকল্যান্ড জুট মিল মাঠ থেকে শুরু হয়ে ভাটপাড়া মোড়ে মিছিল শেষ হয়।

বীর সেনানীদের অভিনন্দন জানিয়ে জাতীয়তাবাদি সংগঠন বঙ্গীয় সনাতনী সংস্কৃতি পরিষদ গতকাল আড়িয়াদহ-দক্ষিনেশ্বর এলাকায় সাংস্কৃতিক অভিনন্দন যাত্রার আয়োজন করে। মৌসুমী মোড় এলাকা থেকে শুরু হয় মিছিল। বহু সাধারণ মানুষ এতে অংশ নেন।

সেনাবাহিনীকে অভিনন্দন জানাতে মেদিনীপুর শহরে গতকাল বিকেলে তিরঙ্গা যাত্রায় পা মেলান সাধারণ মানুষ।

--------------------

অপারেশন সিঁদুর এর মাধ্যমে ভারতীয় সেনাবাহিনী যেভাবে পাকিস্তানে জঙ্গি ঘাঁটি গুলি ধ্বংস করেছে তাতে দেশবাসী হিসেবে তিনি গর্বিত বলে জানিয়েছেন চিত্র পরিচালক রাজদীপ পাল। ভারত সরকারকে ধন্যবাদ জানিয়ে তিনি বলেন সীমান্তে সেনাবাহিনীর জওয়ানদের নিষ্ঠার সঙ্গে কর্তব্য পালনের কারণেই দেশের মানুষ শান্তিতে থাকতে পারে।

বাইট রাজদীপ পাল

--------------------

চাকরিহারানো শিক্ষকদের সঙ্গে রাজ্য সরকার আলোচনায় বসতে প্রস্তুত বলে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন। আন্দোলনরত চাকরিহারাদের একাংশ শিক্ষামন্ত্রীর সঙ্গে আলোচনায় বসার দাবি জানিয়ে চিঠি দিয়েছিল। সোমবারের মধ্যে সরকারের তরফে কেউ তাঁদের সঙ্গে যোগাযোগ না করলে বৃহত্তর আন্দোলনের হুঁশিয়ারি দিয়েছিলেন তাঁরা। এবিষয়ে শিক্ষামন্ত্রী বলেন, সরকার সর্বতোভাবে চাকরিহারানো শিক্ষকদের সহযোগিতা করতে চাইছে।

বাইট

এদিকে চাকরিতে পুনর্বহালের দাবিতে কালীঘাটের মুখ্যমন্ত্রীর বাসভবনের দপ্তরে গতকাল ডেপুটেশন দিয়েছেন সুপ্রিম কোর্টের রায়ে চাকরি হারানো শিক্ষিকাদের একাংশ। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে দেখা করতে চেয়ে কালীঘাটে গেলে পুলিশ

প্রথমে তাঁদের কালীঘাট থানায় নিয়ে যায়। তাঁদের মধ্যে কয়েকজন মুখ্যমন্ত্রীর দফতরে গিয়ে ডেপুটেশন জমা দেন।

উল্লেখ্য, স্কুল সার্ভিস কমিশনের প্রকাশিত যোগ্যদের তালিকায় নাম নেই এই শিক্ষিকাদের।

চাকরিহারা শিক্ষক-শিক্ষিকাদের একাংশ গতকাল সল্টলেকে বিজেপি সাংসদ, প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের সঙ্গে দেখা করেন। সুপ্রিম কোর্টে রিভিউ পিটিশন দাখিলের জন্য তাঁদের পরামর্শ দেন সাংসদ।

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, চাকরিহারাদের নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করে বলেছেন, শিক্ষকরা চাকরি ফিরে পাক তৃণমূল কংগ্রেস সরকার তা চায় না।

বিকাশ ভবন ঘেরাও কর্মসূচিতে সরকারি সম্পত্তি ভাঙচুর এবং সরকারি কর্মীদের ভয় দেখানোর অভিযোগে চিন্ময় মন্ডল নামে চাকরি হারানো এক শিক্ষককে ডেকে পাঠিয়েছে বিধাননগর পুলিশ কমিশনারেট। আজ বিকেল চারটেয় তাঁকে গোয়েন্দা বিভাগের কাছে হাজিরা দেওয়ার জন্য নোটিশ পাঠানো হয়েছে।

---------------------

২০১৬ সালের গ্রুপ- সি ও গ্রুপ- ডি চাকরিহারাদের ভাতা দেওয়ার জন্য স্কুলের প্রধান শিক্ষকদের থেকে সুপারিশ চেয়েছে মধ্যশিক্ষা পর্ষদ। এই নির্দেশিকা ইতিমধ্যে সব স্কুলে পৌঁছে গিয়েছে। কিন্তু এই সুপারিশ করার ক্ষেত্রে আদালত অবমাননার দায়ে পড়তে হতে পারে বলে আশঙ্কা করছেন প্রধানশিক্ষকরা। মধ্যশিক্ষা পর্ষদের এই সিদ্ধান্তের কড়া সমালোচনা করেছেন প্রধান শিক্ষকদের সংগঠন ASFHM- এর রাজ্য সম্পাদক চন্দন মাইতি।

---------------------

ওবিসি সম্প্রদায়ের প্রতি রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গীর কারণেই রাজ্যে শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে ভর্তির ক্ষেত্রে পড়ুয়ারা সমস্যার মুখে পড়ছে বলে অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ এবিভিপি অভিযোগ করেছে। গতকাল মানিকতলায় বিদ্যার্থী সদনে এক সাংবাদিক সম্মেলনে দক্ষিণবঙ্গের রাজ্য সম্পাদক অনিরুদ্ধ সরকার বলেন, মাধ্যমিক উচ্চমাধ্যমিকের ফল প্রকাশিত হয়েছে। অথচ ওবিসি সংরক্ষণে সমস্যার কারণে ভর্তি বন্ধ রয়েছে। অবিলম্বে পরিস্থিতির বদল না হলে বিকাশ ভবন ঘেরাও করা বলে এবিভিপি জানিয়েছে।

---------------------

ভুটান পাহাড় থেকে নেমে আসা একাধিক নদীর জলপ্রবাহ জনিত প্লাবনের সমস্যা নিরসনে রাজ্য সরকার যৌথ নদী কমিশন গঠনের দাবি জানিয়েছে। একই সঙ্গে বর্ষায় ঐ সমস্ত নদীর জলপ্রবাহ এবং ভাঙ্গন সংক্রান্ত সমস্যার উপর লাগাতার নজরদারি চালাতে গঠন করা হয়েছে ১২টি ক্যুইক রেসপন্স টিম । বর্ষার সময় উত্তরবঙ্গের কোনও নদীবাঁধে ভাঙনের সম্ভাবনা দেখা দিলে বা ক্ষয়ক্ষতির খবর এলেই সেচ দফতরের টিম দ্রুত ঘটনাস্থলে পৌঁছে যাবে। সেচ দফতর সূত্রে জানা গেছে, ডুয়ার্স ও আশপাশের অঞ্চলে নদী গুলি বর্ষায় বিপজ্জনক হয়ে ওঠে। কিন্তু রাজ্যের কাছে ভুটান সীমান্তের সব নদীর জলস্তরের তথ্য রাজ্যের কাছে নেই। বর্তমানে মাত্র তিনটি নদীর জলপ্রবাহের তথ্য সরাসরি পায় সেচ দফতর। বাকি অনেক নদীর জলস্ফীতি সম্পর্কে ভুটানের দেওয়া তথ্যের উপর নির্ভর করতে হয়। এই পরিস্থিতি মোকাবিলায় সম্প্রতি ভুটানের পারোতে দুদেশের বিশেষজ্ঞ কমিটির বৈঠক বসে। রাজ্যের সেচ দফতরের দুই প্রতিনিধিও সেখানে উপস্থিত ছিলেন। বৈঠকে ভুটান সরকারকে অনুরোধ করা হয়েছে, যাতে আরও

বেশি হাইড্রোলজিক্যাল যন্ত্র বসানো হয় এবং নদীগুলির জলস্তর ও বৃষ্টির পরিমাণ সম্পর্কে আগাম তথ্য ভাগ করে নেওয়া যায়।

---------------------

নদীয়ার কালীগঞ্জ বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনে আগামী ১৯-শে জুন ভোট নেওয়া হবে। গণনা ২৩-শে জুন। আজ বিজ্ঞপ্তি জারির সঙ্গে সঙ্গে মনোনয়নপত্র জমা দেওয়ার কাজ শুরু হয়ে যাবে। মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ তারিখ দোসরা জুন। পরদিন সেগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রত্যাহারের শেষ তারিখ ৫-ই জুন। গত ৫-ই মে প্রকাশিত সংশোধিত ভোটার তালিকার ভিত্তিতে এই নির্বাচনে ভোট নেওয়া হবে। ভোটের তারিখ ঘোষণার সঙ্গে সঙ্গে ঐ এলাকায় নির্বাচনী আচরণবিধি বলবৎ হয়ে গেছে। দক্ষিণ ২৪ পরগণায় ভোটার লিস্টে তথ্য বিকৃতির অভিযোগের বিষয়টি কোনো কেন্দ্রীয় এজেন্সিকে দিয়ে তদন্ত করা উচিত বলে মন্তব্য করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। গতকাল ভাটপাড়ায় তিরঙ্গা যাত্রায় অংশ নিয়ে তিনি একথা বলেন।

---------------------

রাজ্যের বিভিন্ন পাইকারি ও খুচরো ব্যবসায়ীদের কাছে জাল ওষুধ বিক্রি হচ্ছে বলে অভিযোগ জমা পড়ায় স্বাস্থ্য দপ্তর প্রতিটি ব্লক ও জেলা প্রশাসনকে নজরদারি বাড়ানোর নির্দেশ দিয়েছে। প্রয়োজনে পাইকারি ও খুচরো দোকানগুলিতে হঠাৎ অভিযান চালানোর নির্দেশও দেওয়া হয়েছে। যে সব ওষুধ জাল বলে চিহ্নিত হয়েছে সেই ব্যাচের ওষুধ কোন দোকানে পাওয়া গেলে আইন মেনে দ্রুত পদক্ষেপ নেওয়ার কথা বলা হয়েছে। পাশাপাশি প্রতি সপ্তাহে স্বাস্থ্য দপ্তরে পাঠাতে হবে রিপোর্ট। মূলত উত্তর প্রদেশ ও বিহার থেকে জাল ওষুধ রাজ্যে আসছে বলে উল্লেখ করে প্রস্তুতকারক সংস্থার নাম-ঠিকানা

জানিয়ে সেগুলির বিরুদ্ধে ব্যবস্থা নিতে দপ্তরের তরফে দুই রাজ্যকেই ইতিমধ্যে চিঠি দেওয়া হয়েছে।

--------------------

কলকাতা পুলিশের এসটিএফ, গতকাল ধর্মতলা বাস স্ট্যান্ড থেকে ১২০ রাউন্ড কার্তুজ সহ এক যুবককে গ্রেফতার করেছে। ধৃত বর্ধমানের কেতুগ্রামের বাসিন্দা রামকৃষ্ণ মাঝি, দুপুরে মেচেদা-ধর্মতলা রুটের একটি বাস থেকে নামতেই তাঁকে পাকড়াও করেন STF এর আধিকারিকরা। কার্তুজগুলি একটি প্লাষ্টিক থলের মধ্যে রাখা ছিলো। আজ তাকে আদালতে তোলা হবে।

--------------------

উত্তর দিনাজপুরের কালিয়াগঞ্জের ৯ নম্বর ওয়ার্ডে একটি বাড়িতে গতকাল গ্যাস সিলিন্ডার বিস্ফোরণের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। জানা গিয়েছে, বাড়িটিতে অবৈধভাবে গ্যাস সিলিন্ডার মজুত করা হয়েছিল। একের পর এক বিস্ফোরণের শব্দে কেঁপে উঠে গোটা এলাকা। বিদ্যুৎ বিচ্ছিন্ন করে দেওয়া হয় গোটা এলাকার। পরিস্থিতি নিয়ন্ত্রণে ঘটনাস্থলে যায় পুলিশ ও দমকল।

--------------------

বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের জন্মজয়ন্তী আজ এরাজ্যে যথাযথ মর্যাদার সঙ্গে পালিত হচ্ছে। রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের উদ্যোগে আজ কলকাতার রবীন্দ্র সদন ও নিউটাউনের নজরুল তীর্থে বিদ্রোহী কবিকে গান- কবিতায় স্মরণ করা হবে। কলকাতা পুরসভার পক্ষ থেকেও আজ কাজী নজরুল ইসলামের জন্মজয়ন্তীতে তাঁর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হবে।

প্রদেশ কংগ্রেস কার্যালয়ে বিধান ভবনে আজ বিদ্রোহী কবির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হবে। নজরুল মঞ্চের সামনে কাজী নজরুল ইসলামের মূর্তি প্রাঙ্গণে বামফ্রন্টের তরফে শ্রদ্ধা জ্ঞাপন করা হবে।

--------------------

বাতাসে অত্যধিক জলীয়বাষ্পের উপস্থিতি এবং স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘ তৈরি হওয়ায় আগামী ২৭ তারিখ পর্যন্ত দক্ষিণবঙ্গের সব জেলাতেই হালকা থেকে মাঝারি বৃষ্টির পুর্বাভাস। আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন, উত্তর ও পশ্চিম-মধ্য বঙ্গোপসাগরের কাছাকাছি অঞ্চলে একটি নিম্নচাপ তৈরির সম্ভাবনা রয়েছে। এর প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের সব জেলায় ২৮ তারিখ থেকে বৃষ্টির পরিমাণ বাড়বে।

--------------------

দিল্লিতে গতকাল আইপিএলের ম্যাচে সানরাইজার্স হায়দরাবাদ ১১০ রানে কলকাতা নাইট রাইডার্সকে হারিয়ে দিয়েছে। সানরাইজার্স প্রথমে ব্যাট করে তিন উইকেটে করেছিল ২৭৮ রান। জবাবে নাইট রাইডার্সের ইনিংস ১৮ ওভার চার বলে ১৬৮ রানে শেষ হয়ে যায়। গতবারের বিজয়ী KKR এর এটাই ছিল শেষ ম্যাচ। এবার ১৪ ম্যাচে ১২ পয়েন্ট সংগ্রহ করে তারা পয়েন্ট তালিকার অষ্টম স্থানে রইল।

-------------------- --------------------